

ঢাকা বোর্ডের ফল বিপর্যয়

ওরা সবাই প্রথম বিভাগে
উত্তীর্ণ হয়েছে

স্টাফ রিপোর্টার। ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় মোল্লারটেক উদয়ন বিদ্যালয়ের যে সাত জন মেধাবী ছাত্রীকে ফেল দেখানো হয়েছিল তাদের সবাই প্রথম বিভাগে পাস করেছে। গত ৪ সেপ্টেম্বর বোর্ড কর্তৃপক্ষ এসব ছাত্রীর সংশোধিত ফল প্রকাশ করেছে। জানা গেছে, মোল্লারটেক উদয়ন বিদ্যালয়ের সার্ভ গার্ল মাহবুবা বিনতে মান্নান পরীক্ষায় মোট ৮৬৫ নম্বর পেয়েছে। তাকে প্রথমে অঙ্কে ফেল দেখানো হয়েছিল।

(শেষ পৃষ্ঠা ৬ কঃ দেখুন)

(প্রথম পাতার পর)

ওরা সবাই

প্রথম বিভাগে পাস করেছে। প্রথমবার প্রকাশিত ফলে এদের সবাইকে অঙ্কে ফেল দেখানো হয়েছিল।

উল্লেখ্য, গত ১ সেপ্টেম্বর জনকণ্ঠে ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় ছয় শ' পরীক্ষার্থীর ফল বিপর্যয় শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। ঢাকা বোর্ডের ছয় শ' মেধাবী ছাত্রছাত্রী কর্তৃপক্ষের ভুলের কারণে পরীক্ষায় প্রত্যাশিত নম্বর পায়নি বলে এতে উল্লেখ করা হয়। মাহবুবা এবং মাস্তকার পিতা আব্দুল পাটোয়ারী জানান, জনকণ্ঠে প্রতিবেদনটি প্রকাশের পর বোর্ড কর্তৃপক্ষ তাদের ভুল সংশোধনের গত ৪ সেপ্টেম্বর ৭ ছাত্রীর সংশোধিত ফল প্রকাশিত হয়।